## AUGUSTE COMTE,

THE POSITIVIST.


# **४** ववामी।

অগন্ত কোম্ত।



तिन्षिक्की है, ५० नः, कनिकां छ। त्थारा

🕮 মহেন্দ্রনাথ ঘোষালের দারা মুদ্রিত ও প্রকাশিত।




#### বিজ্ঞাপন।

প্রায় চারি বংসর অভীত হইল কলিকাতাস্থ किठाई विनानरमत ज्रुपूर्व वधाशक मानावत जीपूक त्वव्तव् मान्द्रान् माद्य कानि इनिकि-টিউটে " অগত্কোম্ত দি পজিটিবিউ " নামক প্রস্তাব পাস করিয়াছিলেন। কোম্তের জীবনবৃত্তান্ত উপলক্ষে তদীয় মতের দোষ ও অপ্রামাণিকতা দর্শানই ভাঁহার মুখ্য উদ্দেশ্য ছিল। এতদভিপ্রায়ে তিনি বিস্তর আয়াস उ यद्व श्रीकात कतिया भिन्, शटर्मन्, श्रिकेशन्, निष्डे हेम् প্রভৃতি কয়েক জন প্রসিদ্ধ পণ্ডিতের ধ্রুববাদ বিষয়ক মত সংগ্রহ করিয়া সংক্ষেপে উক্ত প্রস্তাবনার মধ্যে লিপিবদ্ধ করিয়াছিলেন। কোমুতের দর্শন ওসমাজশাত্র হইতেও কয়েকটি পরক্পর বিসংবাদিত ও বিরুদ্ধ বচন বহিষ্কত করিয়া উহাতে উদ্ধৃত করা হইয়াছিল। এ ছিল্ল যে সকল বিষয় কোন্তের গ্রন্থ পাঠ করিয়াও সচরাচর লোকের উপলব্ধি হওয়। স্কটিন তাহাও তিনি তন্মধ্যে প্রাঞ্জলভাবে ব্যক্ত করিয়াছিলেন। আমি কতিপয় मांना वाकित डेश्नाटर, अनूताय ও आनूकृ:ना डेश বন্ধভাষায় অনুনাদ করিলাম।

ইংরাজী বিজ্ঞান বা দর্শনশাস্ত্রের সমাক্ মর্মবোধক শব্দ বন্ধভাষায় অতি বিরল। এই অসমতে প্রায়ুক্ত ইংরাজী কথার অর্থ ও তাৎপর্যা গ্রহণ করত বন্ধভাষায় প্রতিরূপ মূতন শব্দ সকলিত করিতে হইয়াছে। যে যে শব্দ মূতন সক্ষলিত হইয়াছে ভাহাদের ইংরাজী অর্থসম্বলিত-ভালিকা এই পুত্তকের শেষভাগে সমন্বিত করা হইল। কিন্তু সক্ষলিত শব্দগুলি কত দূর পরিশুদ্ধ ও অবি-সংবাদিত হইয়াছে ভাহা পরিতৃপ্ত চিব্রে বলিক্টে পারিনা। মাহারা অনুগ্রহ করিয়া শব্দ সক্ষলন ও রচনা সংশোধন বিষয়ে সহায়তা করিয়াছেন, এন্থলে তাঁহাদিগের নাম উল্লেখ করিতে পারিলে আকুবিধিৎদার কার্য্য হইত বটে, কিন্তু পাছে এই কুদ্রে পুস্তকে তাঁহা-দিগের নামোল্লেখ করিলে মর্য্যাদার হানি হয়, আমি এই আশক্ষায় এবস্থিধ অবশাকর্তবাে নিরস্ত হইলাম।

বছভাষায় ইংরাজী গ্রন্থের অনিকল অনুবাদ করা অতি হুরুহ। পরক্ষার রচনা-প্রণালী সক্ষার্ণ বিপরীত ; সুতরাং, বহু পরিশ্রম ও যত্ন করিলেও অনুবাদিত গ্রন্থে অর্থপ্রতীতির বৈলক্ষণ্য এবং প্রকৃতির বৈষণ্য ঘটিয়া থাকে। আমি তজ্ঞনা স্থানে স্থানে অবিকল অনুবাদ করি নাই। কোন কোন স্থল একবারেই পরিত্যক্ত ध्ववः ऋल विश्वार शाहिकित्रात्र व्याधिकार्वार्थ বর্ণনা বিস্তারিত হইয়াছে। কোমুতের মূলগ্রন্থে দৃষ্টি না থাকিলে যে যে বিষয় বোধগম্য হওয়া সুক্ঠিন সেই সেই স্থলে জি. এচু. লিউইদের অনুবাদিত ''বিজ্ঞানদর্শন' হইতে স্থূল মর্মা গ্রহণ করত এতল্পধ্যে নিবেশিত করা ছইল। এক্ষণে এবিষয়ে কতদূর কৃতকার্য্য হইয়াছি,বলিতে পারি না; কিন্তু ঘাঁহাদিগের উৎসাহে ও আনুকুলো ইহা মুদ্রিত ওপ্রকাশিত হইল তাঁহারা সম্ভূট হইলেই আমে সফল জ্ঞান করিব।



#### অগন্ত কোম্ত।

ইদানীন্তন স্ববিখ্যাত নৈয়ায়িক প্রশ্ভিতবর জন্ ইউ – यार्ड मिल् मटरान्य "काम् छ अध्वतान" विवयक कटमकि উৎকৃষ্ট প্রবন্ধ রচনা ক্রিয়া, প্রসিদ্ধ " ওয়েই মিনিটর ममालाहात " क्रमणः अकाम करवन्। डेक अवस ममू-হের মুধবন্ধে তিনি এই মর্মে লিখিয়াছেন;—'' ইউরো-পীয় পণ্ডিত-মণ্ডলীর মধ্যে কোমূত অধুনা যেরপ প্রভূত খ্যাতি ও প্রতিপত্তি লাভ করিয়াছেন, এবং ভাঁহার প্রধান গ্রন্থ খানি বিদ্বৎ-সমাজে উত্তরোত্তর যেরূপ সমাদৃত,প্রতি-জিত ও প্রতিপন্ন হইয়া উঠিতেছে, ভাহাতে আপাততঃ তাঁহার দোব ও অংশক্তিকতা দুর্শান অভিশয় আবশাক ও সর্বতোভাবে বিধেয়।" কোম্তের গ্রন্থ এবং চরিত্র विषया भाषामाय वा मनमम् ममालाइनाम व्य जिनि সম্পুতি প্রবৃত্ত হইলেন, উহার এপ্রকার অভিপ্রায় কখ-নই নহে। কোম্তের মতের ও চরিত্রের দোষ উল্লেখ করিতে গেলে, পাছে তদীয় বিশ্ববিস্ত ত-যশোরাশি-বি-মোহিত সাধারণের অশক্ষেয় ও উপহাসাক্ষাদ হইতে হয়, তिनि, अरे आमकाय, अविध गतिष्ठं अ नागा कार्या इल-ক্ষেপ করিতে, এক্ষণে আর কোন ক্রমেই নিরস্ত, সঙ্কু চিত

বা ক্ষান্ত হইতে পারেন না, ইহাই উহার প্রকৃত তাৎপর্য। তিনি যে যথার্থ বুডুৎমুভাবে এবং বিষেষ্টীন ও নিরপেক চিত্তে সাতিশয় অভিনিবেশ পূর্মক পর্যাবেক্ষণ করত কোমতের চরিত্রের এবং দর্শনশাজের বিস্তর দোষ ও ভ্রম নিরাকরণ করিয়াছিলেন, তাহার আর অণুমাত্র সন্দেহ নাই; এবং তত্তাবং অপ্রকাশ রাখিলে সমাজের যে বিশেষ অনিষ্টপাতের সম্ভাবনা, ও ক্ষাষ্ট বাক্যে ব্যক্ত क्तिल, উक्षिमी विकल श्रेलिं एर. काशांत्र लिमेशांव হানি হইবার কোন সংশয় নাই, তাহা তাঁহার বিলক্ষণ হাদ্যাল্ম হইয়াছিল ৷ আমিও তৎসক্ষপো সক্ষণিত ও **ভिषिष्ठा**रम आर्थेख हहेग्रा अन्य शुक्र माग्रःकारल ख्वापृण-জনগণসন্ম খে মন্ত্রচিত এই প্রস্তাবটি পাঠ করিতে অভি-লাষ করিয়াছি। কেবল সাধারণে র স্থগোচরার্থে আমি আপ্নাদিগকে উঁহোর ভ্রমানুসন্ধান বিষয়ে অনর্থক আয়াদ স্বীকারে অনুরোধ, কিমা তাঁহার অব্থাভূত ভ্রান্তি-मक्र न पर्मन ও नीजिगाञ्ज आश्रनामिशक अरक्षत नाग्र অনুমোদন করিতে দেখিলা এক মুক্তকালের জনাও त्मीनावलयन, कतिरु निजास अममर्थ, कावन उज्रहाउँ আশেষ অনজলের সম্ভাবনা; সুতরাং উভয়সম্বটাপনের নাায় আমি আপুনাদিগকে কোন দিকেই অগ্রসর হওয়ায় পরামর্শ দিতে সম্ক্রাহসী নহি।

১৭৯৮ খৃঃ অন্দের ১৯এ জানুয়ারি, জগদিখ্যাত ধ্রুব-বাদী অগস্ত কোম্ত ফুল্স্ দেশের অন্তর্গত মন্টপিলি-

য়ারে জন্ম প্রাহণ করেন। তিনি অতান্ত বিপর্যান্ত ও कमध्य प्रभरत अवनीमश्रामा आधिप्राहित्सन । उपकालीन সমস্ত ফ্লে সাভাজ্য ভয়ক্ষর রাজবিপ্লবে আপ্লুড ছইয়া দৈশিক রাজনীতি, সামাজিক সোপুথলা ও চিরপ্রচলিত প্রথায় একেবারে জলাঞ্জলি দিয়া নিরতিশয় শোচনীয়া-বস্থায় পর্যাবদিত হইয়াছিল। ঘোরতর মাৎসর্যা, জিঘাংসা ও জিগীবাপরতন্ত্র হইয়া সমস্ত ফেঞ্জাতি, আবালবন্ধবনিতা, অবিকল রাক্ষস ও পিশাচের হত উগ্র, উদ্ধৃত ও ক্রেম্বভাবাপম হইয়াছিল এবং অনবরত যথেচ্ছাচারে ব্রতী হইয়া জন্মভূমির অপরিসীম অমঙ্গল সাধন করিয়াছিল। নিরবচ্ছিন্ন বিবাদ বিসংবাদে ধর্মকর্মসত্যতত্ত্বাদি সমুদয় তিরোহিত এবং একতা, ন্যায়-প্রিয়তা, দৌহ্বন্য, সৌজন্য, দয়া, দাক্ষিণ্য প্রভৃতি পরম ্রমণীয় গুণ্ঞাম সমূলে উন্মূলিত হইয়াছিল। তাঁহার ভূমিষ্ঠ হইবার অনতিপূর্বেই ফ্রেঞ্চ ব্যবস্থাপক সভা অধিকাংশ জাতীয় ঋণ অস্বীকার করায় দেশের মানসম্ভ্রম একান্ত বিলুপ্ত ও বাণিত্য নিঃশেষে নিপাতিত হয়। এতাদৃশ ভীষণ গৃহ-নিগ্রহে ও অরাক্তকতায় আর্দ্র এবং সর্মবিষয়েই বিধিমত প্রকারে विमक्का रहेबां वीत्रधामहिनी मुक्ति नाथात्र रेवत-নিষ্ঠাতনে এক নিমেবের জন্যও ভগ্নোৎসাহ বা হতোদাম হয় নাই। তথনও তাহার সিংহনাদে স্ববিস্তৃত ইউরোপ খণ্ড একেবারে শশবান্ত ও কম্পিত হইয়াছিল। ইটালী

হতদর্প ও নিতান্ত তাহার পদানত, রণপরাজিত অক্টিয়া অশেষ প্রকারে নিপীড়িত হইয়া পরিশেষে दिल्कियम् अपन्य अन्। भूतः गत रागर्णम अकारत ভাহার সহিত সন্ধি সংস্থাপনে ব্যতিব্যস্ত, এবং ব্রিটেন ষ্ট্তিংশসহস্র রণবিশারদ সৈনাপূর্ণ চারিশত ফ্রেঞ্ রণ্ডণাতছারা আক্রান্ত হইবে.এই ভয়ানকবার্ত্তা শ্রাবণে যৎপরোনান্তি ত্রন্ত, হইয়াছিল। কোমতের জন্মকালীন তদীর জন্মভূমিতে যে তুমুল হলস্থল ব্যাপার উপস্থিত হইরাছিল, তাহা পরপর সংবর্দ্ধিত হইয়া তাঁহার পরিণ-ভাবস্থায় অতীব ঘোরতর বিকট ভাব ধারণ করে ৷ স্কু-मात्र रेण्णवकारल छाँशात्र मत्रल ও निर्मल চिख्यक्ट वे ছুর্নিবার দুর্যোগের প্রতিকৃতি অতি প্রগাঢ় রূপেই প্রতিফলিত হয়, এবং সময়ানুক্রমে পরিপুট হট্যা তাঁহার পরিবর্ত্তনশালিনী প্রবৃত্তিকে এতাধিক উত্তেজিত করে যে, উহাই ভাঁহার দর্শনশাস্ত্রপ্রণয়ন-কম্পে প্রকৃত অধিষ্ঠাত্রী বলা নিতান্ত বাচুলা নহে। ডিনি স্বয়ং কহি-ग्राट्म त्य 'आमि हर्जुर्मन वर्ष वग्रःक्रात्म श्रामार्शन कतिवा-মাত্র স্বেচ্ছাবশতঃ ঐ রাইবিপ্লবাসুরাগের যথাবিহিত সীমার আদ্যোপান্ত তম তম্ করিয়া পর্যালোচনার প্রবৃদ্ধ হই, এবং ঐ মুলক্রণযুক্ত মঙ্গলকর বিপর্যান্ত উপপ্লবস্থুযোগে এককালীন দর্শন, নীতি প্রভৃতি শান্ত সমুদায়ের সংস্করণ অভিশয় আবশ্যক ও স্বন্পায়াসসিদ্ধ विनया, द्वित निकास कति, याशत वितयातगीय वितारे মূর্ত্তি আমার শরীর পরিগ্রহ করিবার প্রাক্কালীন প্রকাশ পায়''।

কোম্তের ইংল্ঞীয় প্রধান অভিবাদক জি এছ লিউইস্ সাহেব কহিয়াছেন যে কোম্ত বাল্যাবস্থায় অতিশায় দুর্দ্দন্য ও দুর্দ্ধিনীত ছিলেন; কিন্তু পরিণানে অনু—
শিকীচাবের ও বিনয়গুণের প্রচুর প্রশংসা করিতেন।
তাঁহার জনকজননী তাঁহাকে ধর্মাও নীতি বিষয়ক যে কোন উপদেশ দিতেন এবং সাধ্যমতে আচারবাবংারছারা ঐ সকল দীক্ষিত বিষয় তাঁহার বিশেষ হাদয়ক্ষম
করিবার জন্য, যে কোন চেষ্টা পাইতেন, তৎসমুদাগই
তাঁহার দুর্ম্বৃত্ত ও চঞ্চল স্বভাব প্রযুক্ত নিতান্ত নিস্কল
হইয়াছিল।

গৃহে শাসন করা দুসাধ্য বিবেচনায়, তাঁহার পিতা
মান্তা তাঁহাকে তন্ত্রগরন্থ কোন পাঠশালায় অন্তেবাসী
রূপে নিয়োজিত করেন। তথায়ও তাঁহার পূর্ববৎ
দুংশীল ও দুই বভাব সম্পূর্ণই বিদ্যান ছিল; কিন্তু
তাঁহার অসাধার। শিক্ষানৈপুনা ও প্রতিভাশক্তি দেখিরা
সকলেই সাতিশয় বিশ্বয়াপম হইয়াছিলেন। "তিনি
দারণ দুর্দ্ধান্ত, উপদ্রবী ও তর্ক-প্রিয় ছিলেন।" পাঠাভ্যাসে ও বিদ্যান্শীলনে ভিনিসকলকেই সবিশেষ সন্তুই করিতেন; কিন্তু তাঁহার অবাধ্যতা ও বিদ্যোহারদেশ সকলেই বিষম বিরক্ত হইতেন। বিদ্যালয়ের শাসকেরা তাঁহার দৌরাক্ষে ক্রুক্ত হইয়া সর্মনা তাঁহাকে অষত্র ও পীড়ন, এবং শিক্ষকের। তাঁহার অবিচলিত অধ্যবসায়, শিক্ষাদক্ষতা ও তীকু বৃদ্ধি সন্দর্শনে তাঁহাকে নিয়ত মুক্তকঠে প্রশংসা ও সাধুবাদ, করিতেন। স্থপাঠিদিগের আমোদবর্জনার্থে কথন কোন যত্ন যীকার করেন নাই বটে, তত্রাচ তাহারা সকলেই তাঁহাকে সাস্তরিক স্নেহ ও সমাদর ক্ষিত। ক্ষীন ও কোমলকলেবর কোম্ত সবল, অকুতো-ভয়, কার্জাযুক্ত এবং বিজোহী ছিলেন।

দাদশ বৎসর বয়ংক্রম কালে তিনি বিদ্যালয়ান্তরে প্রেরিত হইয়াছিলেন। তথায়ও তাঁহার প্রাণাবৎ ছটাচারের ও অসদুবাবহারের বিলক্ষণ পরিচয় পাওয়া কিন্ত গিয়াছিল। তথাকার অধ্যাপকেরা জাঁহার অলোকসামান্য মেধাশক্তি, বিদ্যার্জ্ঞনে অভূতপূর্ব অধ্যবসায় দেখিয়া নিরতিশার চমৎকৃত হইয়াছিলেন, 'এবং তাঁহাতে আপনাদিপের স্লাঘা জ্ঞান করিতেন। চারি বংসর কালদধ্যে তিনি তথাকার নিয়মিত পঠিতবা সমুদ্য অধায়ন করিয়া এতাদৃশ বাহপন্ন হইয়া উঠি-लन (य, डीहात क्या ও तृक कृडिवन) अशांशरकत ं ब्यांजन शहरन नमाक् नमर्थ है देशाहित्सन । " हाळान छा-তেই তিনি স্বীয় অধ্যাপক মহামান্য গণিতবিদ্যাবিৎ প্রভিত্তর ম একতারের পার্ম্বে উচ্চাসন পরিগ্রহ भूर्यक, वे शार्रभामाञ्च विद्यार्थीमिशक शनिजविद्या বিষয়ে কয়েকটি জানগর্ভ উপদেশ দিয়া স্বীয় পাভিত্যের সমুচিত ব্যাখ্যা করিয়াছিলেন।" তাঁহার পিতা মাতা

প্রগাঢ রাজভক্ত ও ক্যাথলিকধর্মাবলম্বী ছিলেন, কিন্ত তিনি তাঁহাদিগের মতের অধুমাত্রও অনুসরণ করিতেন ন।। সপ্তদশবর্ষীয় কোমুত অবলীলাক্রমে চিরপ্রচলিত বিশুদ্ধ রাজনীতি, ধর্মনীতি ও আয়তত্ত্ব একেবারে বিসর্জ্জন দিয়া সেচ্ছাচারে ও স্বকপোলক পিত ধর্ম যাজনে প্রতিজ্ঞারত হইলেন। ম. লিউইস বলেন: বে " তথকালীন কোমুত রাজাবুগত এবং আন্তিক বা নান্তিকদিগের সহিত কোন সংশ্রবই রাখিতেন না।" विम्यालायत कांन वालक कांन भागककर्त्रक कठिनक्राश শাসিত হওয়ায় সমধিক ক্ষম ও লক্ষিত হইয়া তছ,ভান্ত সহধ্যায়ীদিগকে অবগত করে। শাসকের এতাদৃশ আচরণ এবাবে অভান্ত ক্রুদ্ধ হইয়া এবং স্বপাঠীর অব-मात्न व्यवमानि इक्कात्म, कामुख वाश्रमात ए करम्क कन সমককो বিদ্যার্থীদিগের স্বাক্ষরিত এই পশ্চালিখিত विकाशन शक्षठ कतिया पियाहित्सन:-" महानय, ( भागकरक সংখ্যে कतियां ) जाश्रनि এই विमानस्यत ্ এক জন অতি প্রাচীন ভূতপূর্ম ছাত্র, আপনার সহিত এরপ ব্যবহার করা ক্লেশকর বোধেও আমরা নিষেধ कतिराङ्क व्यालिन राम देशत विभीमाग्र व्यात ना लागर्नन करत्न।" डेक खनतार्थरे जिनि भाष्ट्रणीन। इरेख पृतीकृ इरेमा शृह अजिनिवृत्त इरेलन; किह তধারও স্বীরম্বভাবস্থলত দোষবিশেষবশতঃ তাঁহাকে

কিয়ন্দিবস শান্তিরক্ষকদিগের তত্ত্বাবধানের অধীনে অবস্থান ক্রিতে ইইয়াছিল।

আশ্রমযন্ত্রণা অসহ বোধে তিনি অনতিবিল্যে, হত-ভাগ্য জনকজননীর নিবারণ অবহেলা করিয়া নিস্ফুট প্যারিদ রাজধানীগমনে স্থিরসংকল্প হইলেন। রিক্র: হস্ত, এমন কি, একটি কপর্দ্দক মাত্রের ও সঙ্গতি নাই, महाग्रहीन, वास्तविशीन, धकाकी, किर्मात वग्राम, गृह হইতে নিষ্কান্ত হইয়া, গোপনে এ বিষয়রসপরায়ণ নগ-রাভিমুখে যাত্রা করিলেন ! কি করিবেন, কাহার নিকট যাইবেন, কেইবা তাঁহাকে আশ্রয় দিবে ও কিরপেইবা **ঁআপন উদরার আহরণ করিবেন,** তাহার কিছুই দ্বিতা চিল না; কেবল ভাগীপ্তবাদিনী আশামাত পথের সম্বল লইয়া তিনি অক্সাৎ তথায় উপ-নীত হইলেন। ভাঁহার কোন শিক্ষক ও বন্ধুর সাহায্যে তিনি তন্নগরীতে কয়েকটি ছাত্র সংগ্রহ করিয়া গণিতশা-স্ত্রাধ্যাপনের দার। কটেসটে গ্রাসাচ্ছাদন নির্মাহ হইতে পারে, এই রূপ যৎগামান্য অর্থোপার্ক্তন করিতে লাগি-লেন। তৎকালীন কেরিগু নের রাজপুত্র তাঁহার জনৈক विमार्थी विवासत्था श्रीतर्गानिक रहेगाहित्सन। किछमिन পরে তিনি কেসিমনু পেরিয়ারের গৃহসম্পাদকের পদে निवृक्त हरेरलन, ও প্রায় जिन मश्चाह काल जेक शमगठ कार्या गमल यथागड निसीह कतिलन ; किस शतिलाद

উহা মনঃপুত্ত না হওয়ায় একেবারে পরিত্যাগ করেন।
বোধহয়, কোশ্তের ঐভাবী রাজানাত্যের সহিত কোন
বিষম আন্তরিক বিরোধ উপস্থিত হইয়াছিল, নতুবা
ভাবিকে এত স্বন্দ দিনের মধ্যে সহসা স্থানান্তরিত
হইতে হইত না।

১৮ ১৮ খুঃ অবে ভিনি আধুনিক প্রসিদ্ধ স্বনতোরার: দার্শনিক ও চিরাগত রীতিনীতিব্যবহারধর্মতক্রাদি-বিপ্লাবক দেণ্ট্ সিমনের শিষামধ্যে পরিগণিত হইয়া তাঁহার গৃহসম্পাদকের কার্যাও করিতে লাগিলেন। মনে মনে এই স্থিরনিশ্চয় করিয়াছিলেন যে, এতাদৃশ বি-म्यात्नाकमन्त्रज्ञ, छन्नजनीन, अनलकल्य महामण्डित वा-প্রায়ে থাকিলে, অনায়াদেই অলাতশক্র হইয়া নিরন্তর বিদ্যালাপদারা সুধস্বছন্দে কালকেপ করিতে পারি-বেন। কিন্তু দুরাদুট ভাঁহাকে এহলপর্যান্তও অনুগমন করিয়াছিল। ছয় বংশর অতিবাহিত না হইতেই গুরু-শিবামধ্যে দাকুণ স্বন্দ উপস্থিত হইয়া উভয়কে একেবারে জন্মের মত বিচ্ছিল করিল। অনন্তর কোম্ত নিজ দর্শনাস্ত্র প্রস্তুত করিলেন, কিছু, বলিতে কি, উহাতে, স্থানে স্থানে তাঁহার গুরুর মতের অনেক আতাস ম্পাইট প্রতীয়দান আছে। উভয়ের শিব্যের। পরস্পর প্রভূত দোবারোপ ও মানি করিয়া গাকে। কোমুত বে সমস্ত মত বা ব্যবস্থা সংগ্রতিভোষ্টাবিত বলিয়া সাধার-ণের প্রতিষ্ঠান্তাজন হইগাছেন, সিমনের শিব্যেরা তৎসমু-

দায়ই আপনাদিণের ৪ ফর বলিয়া প্রতিপর, এবং ত হৈকে इট মত পहातक विलिश निविज्ञित अनुरमात ७ ७६ मन। করে। কোনুতপকীয়ের। তৎসমুদারই ভাঁহার আপন র विनिया विक्रशतिकरत अकुछ बाक्-बूरक अवृत् द्य, धमन কি, উক্ত অপবাদকে নিভান্ত অন্যায় ও ইয়াপরতদের कार्या विनया, गदशरतानान्ति कुरमा कतिया প্রতিবাদ করে। সিমনের নিকট শিবাভাবকে অতিশয় 'অনিই-কর" ও "সাংঘাতিক" বলিয়া কোমত নিজেই ব্যাখ্যা कतियारहत। म. लिউरेन् वरलत रच "रकामरखत्र मिन-कीर्या वि गिमन कर्डक ममिक উत्त्रिक इटेग्नाइन, একথা বাস্তবিক অমূলক নহে। "-" আর তাঁহার সহিত সতত একতা বসবাদবশতঃ যদিও কোমুতের অন্তঃকরণে কোন বিশেষ সংস্কার বা তথাতের আভাস বর্ত্তে নাই,কিন্তু এ বথার্থ প্লারিবর্দ্ধমানাবস্থায় তাঁহার উন্নতিশালী চিত্ত-ক্ষেত্রে উক্ত সঞ্চিকীর্যাবৃত্তি যে বিশিষ্ট রূপে প্রথিত হইয়াছিল, তাহার আর সন্দেহ কি ? " তিনি স্থানা-खदा कहियाद्विन देव देकान जग्नानक व्यथताथी याव ज्जीवन কারাবাসে আদিই হয়। ঐ হতভাগার সহধ্যিণীর সহিত কোমুতের প্রগাঢ় আস্ক্রি জন্মে। ঐ রমণীর প্রতি অবিচলিত অমুরাগই তাঁহার "ক্রুববাদাসুবর্তী नौडिनाज " ও " कुरवान महीम आबाउदिका " धरे দুই খানি গ্রন্থের মূল কারণ। অনভিপরিক্ট রূপে সকল মঙ জাঁহার অন্তঃকরণে প্রথমতঃ

উদ্বোধ হইয়াছিল তাহা এক্ষণে দেন্ট্ সিমনের
নিকট কয়েক বৎসর অবন্থিতি করায় বিশিষ্ট অবয়ব অবলখন করে, অর্থাৎ, তাঁহার পরিবর্জনানুরাগানুবর্জী
মত সমস্ত ঐ সময় বিশেষ ব্যবস্থায় পরিণত বা প্রবর্ভিত হয়। সেন্ট্ সিমনের সহিত প্রথম পরিচিত হইবার চারি পাঁচ বৎসর কালমধ্যেই তিনি প্রববাদের
মূল স্ত্র সমুদায় "সমাজসংস্করণের সার আদর্শ"
নামক প্রাপ্তল প্রবন্ধে প্রকাশ করেন। ১৮২৪ খৃঃ অব্দে
সেন্ট্ সিমনের সহিত তাঁহার মর্মান্তিক বিবাদ উপস্থিত
হয়; ১৮২৫ খৃঃ অব্দে তিনি "বিশ্বান্ত বিজ্ঞান সম্বন্ধীয়
ন্যান্য ব্যবস্থা" মূদ্রিত ও প্রচারিত করেন। তদনস্তর্ন
তিনি অনন্যমনা ও অনন্যকর্মা হইয়া স্বীয় এই নবোদ্ধানিত দর্শন এবং ধর্ম বিবৃতি ও প্রচার করিতে ক্লীবন
সর্বাহ্ব সমর্পণ করিয়াছিলেন।

বাভিপ্রেত সম্পাদনে কৃতকার্য্য ইইবার আশমে
তিনি যেরপ অপর্যাপ্ত পরিশ্রম, অপ্রতিহত উৎসাহ,
অলেক্ষিক সহিষ্ণৃতা এবং প্রগাঢ় অধ্যবসায় প্রদর্শন
করিয়াছিলেন, তাহ। স্মৃতিপথারত ইইলে সর্ক শরীর
রোমান্টিত ইইয়া উঠে। বহুতর দূর্বিবই নিগ্রহ ও
দারিশ্রানিবন্ধন অশেব ক্লেশ পরশ্পরা সম্থ করিয়াও সংকপ্রিত বিবয়ে ক্ষণকালের জনাও নিরম্ভ বা শিধিশয়র
হন নাই। রচনাকার্য্য সমাপ্ত ইইলে স্বকৃত দর্শন ও
স্বোভাবিত শ্রভিনব তত্ত্বাসুসন্ধান-প্রগালী প্রচার করাই

তাঁহার চিত্তের একদাত্র চিন্তা, হাদয়ের একদাত্র বাসনা ध्वर कीवरनत धकमाज উष्मा हहेन्रा छेठेल। बाहारक তদীয় মত পশুত-সমাজে লক্ষপ্রতিষ্ঠ এবং দেশবি-म्म व्यवस्तीय विनया बाताया उ शतिश्री इस्, তাহাতেই তিনি আগ্রহাতিশয় সহকারে, অকুতোভয়ে, দৰ্মদুখে জলাঞ্চলি দিয়া একান্ত অভিনিবিট থাকিতেন। কিছ সর্বনভান্ত গহিতম্। তিনি তদ্গতচিত্ত হইয়া সীয় মতের উৎকর্ষ সাধনে ও প্রতিপত্তি হাপনে এতা-हम राध ও विद्वे हरेश डिठिटनन त्य मधुनाय ममुविदन-চনার সীমা অতিক্রম করত, উদ্যমাতিশ্যা প্রযুক্ত যথাবিহিত নিত্য নৈমিত্তিক কার্ষ্কো দৃটি হারাইয়া, হিতাহিত জানশুন্য হইয়া, একেবারে উন্মাদাবস্থায় পর্যাবসিত হইলেন। কোম্ভের সহিত ম. গিজোর প্রতাক পরিচয় ছিল, এছলে তলিখিত এই বিবরণটি অবিকল অনুবাদিত হইল;—" তাঁহার অত্যন্ত ভয়ানক আয়নিষ্ঠা ছিল। মনে দনে তাঁছার এই স্থিরপ্রতায় वस्त्रम हिल त्य, त्करल उमीय वात्वाखरन ममल मानव-कांजित ও विकानमारखन छै९क्वा अ मश्कात माधरमह বেন তিনি ধরাতলে অবতীৰ ইইগাছিলেন। সমুধা-बांबर चलावल: कियर शतिमाटन बार्शिकांत शत्वन ; কিছ বাঁহারা মথার প্রতিভাসস্পান, আবিক্ষার-নিপুন ও অভিনবব্যবস্থা-সংস্থাপ্র-প্রিয়, তাঁহারা প্রায় আমা-দিগের সভাবসুদভক্ষতা ব্যতীত আর অধিকতর

মদনাৎসর্বোর বশীভূত। তাঁহারা আপনাদিগের বৃদ্ধি-বলকে নিভান্ত অসাধারণ ও আপনাদিগের কার্য্য-কলাপকে অভূতপূর্ব বোধে নিরন্তর দক্তে ক্ষীত হইরা थारकन, এবং সমধিক গৌরবাকাক্ষায় অভিত্ত হইয়া আপনাদিগের মতকে যুখাযোগ্য আদর না করিয়া निश्विमिश्कानमूना व्यक्ताहीत्नत यक अत्क्वादत मर्स्कार-कृष्ण ও অসীম कलप रिलग्ना, मर्सपा অপ্র্যাপ্ত भाषा ম. অগস্ত কোম্ড ইহার একটি চূড়ান্ত पृच्छाछ-इल। यनिও जिनि वशार्थ अमामाना धीमाकि-मम्मात्र हिल्लन वर्षे, जशाह छाहारक छम् जिमानी এক জন অতিশয় তখনা দান্তিক বলিয়া, স্বীকার করিতে হইবে,—যজ্ঞপ বিবিধন্তণালয় ত ও উৎকৃষ্ট-বৃদ্ধিবিশিষ্ট তক্ষ্রপ নিভান্ত নিকৃষ্টগর্মপরতন্ত্র, এমন कि, जांशांक नाकां मृद्धिमान बहकात न्वलिला অত্যক্তি হয় না। খৃষ্টীয় ধর্মের প্রেরিত ব্যক্তি, যাত্রক, আচার্য্য ও প্রচারক আছেন, যাঁহারা আপনাদিগের প্রভূ यी खत महिमा नर्सरक की ईन करतन ও उँ। हात्रहे अकृष পরিজপ্ত ও প্রতিপন্ন করিবার নিমিন্ত অবিরত প্রাণপণে महत्र्ये थारकन, ध्वर द धर्म जीहाता প्रकात करतन जाहा डांशिमर्गत त्यांडाविक विनया, क्यनहे आफालन करतन না। ম. অগস্ত কোমত আপনিই শ্বয়ং অবভার, আপনিই আপনার প্রেরিত ব্যক্তি, আপনিই আপনার ধর্মের সৃষ্টি-क्छी, बाशनिर यामक ध्वर बाशनिर ध्वतातक हितन।

দ্বাশালত হইয়া তিনি চুচ বিশাস সহকারে আলুসমর্থের উপর নির্ভন্ন করিয়। প্রশন্ত, সরল ও নিস্বার্থ চিত্তে সমস্ত মানব-মনী হার উপার আধিপাত্য সংস্থাপানে অসীম उरम्का अकाम कतियाहित्सन, वर्षार, बाहार् मकत्म তাঁহার অনুগামী হইয়া স্ব স্থ উন্নতি সাধনে তৎপর হয়, ভাহাই তিনি কামদনোবাকো চেকা করিতেন: এবং আপনাপনি এই দির্সিদ্ধান্ত করিয়াছিলেন বে, সামাজিক রীতিনীতির ওঁৎকর্ষ,বিদ্যাধ্যের উন্নতি, সমস্ত মানবজাতির মেধামগ্রাদার আতিশব্য, পৃথিবীর সমৃদ্ধি-সাধন ও জীসংবর্ধন প্রভৃতি বাবভীয় হিতকর ব্যাপার উপলব্ধি-কম্পে, তাহার নিজ ব্যবস্থার বা মতের প্রভূত্ব ও প্রতিপত্তি সংস্থাপন ব্যতীত উপায়ান্তর নাই। তিনি একান্সচিত্তে আপন মত প্রচাবে অহনিশি ব্যাপুত থাকিতেন ও বে কোন প্রকারে তদীর মত-সংস্থাপনী একটা চিরছারিনী বৃশ্বিষ্ঠা সভা সংস্থাপিতা হইরা व्हमनः छेश दमनिवित्तरने अठाविक व मानदा शवि-গৃহীত হয়, বাহাতে তাঁহার অভিনৰ দুৰ্পন-পদ্ধতি मारक बांबा **७ अन्**बद्धन करत, धरः बाशास्त्र धावहमानकाम जीहात क्यांगडाका क्यांडीखरम मित्र-বাছিয় উভ্তীয়নাৰ পাৰে, তাহাই তাঁহার জীবন-কণ্স इरेश डिक्रिशाहिल। चीत्र तृष्टि-वृष्टि नकारमञ्ज व्यवता জ্ঞানে অপরাপর জনগণের উপর আপলার প্রাসূত্রের क्मका वा अधिकात आरष्ट्र विनित्र , जीवात अखःकतरन धक

প্রকার দৃঢ় প্রভাব কবিব্রাছিল এবং সময়ে সময়ে স্বাভা-নিক নি**কপ**টচিত্তে ঐ আত্মতক্তি কাটই ব্যক্ত করিতেন। धक्मा उमानीसन " न्यामानाम " शक्तिमा मन्यामक म. आंत्रमम म्मताल एक विठाटत श्रतांक्य केत्रक चनकाताची করিয়াছেন ভাবির। তিনি আপন ভার্ছাকে এই দর্মে এক খানি পত্ৰ লিখিয়াছিলেন ;—"মেরান্ত অবশাক্তিব্য আদার বৃদ্ধিবৃত্তির প্রাধান্য স্বীকারে একণে জার পরাঙ্মুধ নহে। স্পট বলিতে কি, আপাততঃ কুসং-कात्रविकं उ विमारलाकमन्त्रम जनगरनत निक्षे आमात যেরপ প্রতিষ্ঠা ও প্রতিপত্তি উপলব্ধি হইয়াছে তাহাতে অভিপ্ৰেত বিষয়ে কৃতকাৰ্য্য হইবার জন্য জার কোন तिट्रांव यत्र शाहेवात बावलाक नारे, अल्डा किहानिन জীবিত থাকিতে পারিলেই যথেট হইবে। এত मित्नत शत चानि अक काकात निन्छ दहेगाम, ताथ रप. आगात वहानिन-वाक्षित यक व्यवस्थ ए वादशासूकीन আপাষর সাধারণে অচিরাৎ দেখিতে পাইব।"

১৮২৫ পৃথ অংশ তিনি দার প্রিঞ্জ করেন।
গণিজবিদ্যার উপাচার্য-বৃজ্জিরারা একটিনাত্র ছাত্র হইতে
বংকিশিং উপার্জন হইত তাহাতে তরণপোরণ নির্মাষ্ট হওরা অতি সুক্তংদেখিয়া তিনি এসন কোন রগণীর অসু-সন্ধান করিতে সাগিলেন, বিনি কেবল জাঁহার চিন্তবি-নোদন ও গৃহসুখনংবর্ত্তন করিবেন,এমন নতে, অর্থ বিবরেও বিশেষ সহায়তা ভারিতে পারিবেন। তিনি তদ্পুবারী

কেরোলাইন্ মিসিন্ নারী একজন চতুর্বিংশতিবর্ষীয়া পুত্তকব্যবসায়িনীর সংবিদ্ বিবাহের প্রথানুসারে পাণি-গ্রহণ করিলেন। অতঃপর তিনি পত্নীর বায়ে কয়েকটি গৃহ ভাড়া লইয়া যথাবিহিত সজ্জীকৃত, ও আবশাকীয় সমস্ত ज्यानामधी आरमाञ्चन कतिया, आश्रनामिरशत वस्तुवर्गरक অন্তেৰাসী ছাত্ৰভাৱ লইবার অভিপ্রায় বিজ্ঞাপন করেন; কিছ দুৰ্ভাগ্যবশতঃ একটিও ছাত্ৰ উপস্থিত হইল না স্কুতরাং ক্রমে ক্রমে তাঁহার স্ত্রীর যৎসামান্য সঙ্গতি ব্যয়িত হওয়াতে ঐ তারাসামগ্রী সমস্ত বিক্রায় করিয়া তাঁহাদিগকে স্থানান্তরে হীনাবস্থার অবস্থিতি করিতে হইরাছিল। इंडिमस्य कामुङ मःवाम शरक निविद्या किशिय जाग्र-বুদ্ধির চেটা পাইয়াছিলেন। পরিশ্ব করিয়া পর্যান্ত তিনি এক মুহুর্ভের জনাও মুখী হয়েন নাই। জীপুঞ্বের বিবাদবিশ্বাদেই দিবারাত অভিবাহিত হইত, বোষ इत, क्लामूट्ड केशयकार ए मृगश्म वादशबर छेशात মল কারণ ৷ পতিপদ্ধী উভ্যের চিত্তবাদ, সংকার, আন্তরিক ভার, প্রবৃত্তি, নিবৃত্তি প্রভৃতি প্রায় সম্পূর্ণই বিভিন্ন ছিল। কোঁৰত দিবানিশি বিজ্ঞানাসুশীলনে নিৰগ্ন धार अध्यामि यावजीय सन्धित्वत शार्थित शमार्थ निजास विवा हिल्लम । किंद्ध कारतालाहेन देशात व्यव-কল বিপারীত, তিনি বংপারোনান্তি বিষয়রসপরায়ণা ছিলেন,—বেশভুষা, ধুনসম্পত্তি এবং ভোগবিদাসাদিতে একান্ত তৎপত্ন। ভাৰ্যাৰ স্বাৰ্থপৰতা মূচতা ও নীচাশয়

उँ। हात जेवज्योल, विष्णाध्याही, विमाल क्रमस्वत নিতান্ত বিরুদ্ধ, স্বতরাং দাম্পত্যপ্রার বা সম্ভাব হইবার সম্ভাবনা অতি বিরল। কেবোলাইনের অপ-রাপর যতই দোৰ থাকুক না কেন, তিনি যে যথার্থ পতিপ্রাণা রমনী ছিলেন তাহার ভুরি ভুরি প্রমাণ পাওয়া গিয়াছে। তিনি সতত স্বাদির সেবায়ও পরিচ-গ্রায় একান্ত অধ্যবসায়িনী থাকিতেন। কখন পতিপ্রতি व्ययञ्ज ता व्यक्तियताका अध्याम करतन नाहे. ध्वतः ষাহাতে পতির মুনা বা তাচ্ছলা জ্ঞানে এমন কোন কার্য্যে কদাচ প্রব্রন্ত হইতেন না। ভর্ত্তার ঘাহাতে দারিস্রা-দুঃখ নিবারণ করিতে পারেন এতাদুশ বিষয়ে সাধ্যমতে কোন উপেক। করিতেন না। কোমত স্বয়ং এসমন্ত মুক্তকণ্ঠে স্বীকার করিয়াছেন। কি সম্পত্তি, कि विश्वि, नर्सनमा दे क्यांनाहेन खितिनिक हिएक তাঁহার শুভামুধ্যান করিতেন, এবং স্বামির স্থসম্পাদন, স্বাস্থানংবর্দ্ধন, যশোবৃদ্ধিকরণ প্রভৃতি যাবতীয় মঞ্লা-ভিপ্রার তাঁহার সমস্ত কার্যকলাপেই দেদীপামান ছিল। ভাঁহাকে পরিত্যাগ করিয়া কোমত অপরকে প্রণয়ভাকন করিলেও তিনি জীমভাবমূলত আক্রোপ বা প্রতিহিংসার পরবর্শ হইয়া এক দিনের জন্যও তাঁহার অপ্রিয় বাসনা करतन नारे, वतर शूर्ववर छाड्डात नवाकीन कुणलह অনবরত চিন্তা করিতেন। পাতর পারলোকগমনাস্তেও क्तानाहेन् उक्रमहे जाहात्र अञानूशामिनी हिल्लन।

উত্যে দাম্পত্যভাবে একত্র জীবন যাপন করিলে, বোধ হয়, কোম্তের স্বাভাবিক বিপর্যায় ব্যগ্রতা ও ঔদ্ধৃত্য বহু পরিমাণে উপশম হইতে পারিত, এবং পত্নীর প্রিয় ব্যবহারে ও প্রণয়-পূরিত প্রযন্তে তাঁহার স্বাভাবিক দৈনন্দিন চর্য্যায় ও সামান্য লৌকীক ব্যাপারে মনশ্চাঞ্চল্যও নিরাকৃত ইইবার অনেক সম্ভাবনা ছিল।

১৮২৬ খৃঃ অব্দে তিনি নিজ নিকেতনে দর্শনশাস্ত্র, সম্বন্ধীয় দাসপ্ততি বক্তৃতা করিবার অভিপ্রায় সর্বসাধা-লণকে বিজ্ঞাপন করেন। ইহাতেই সামান্যতঃ তাঁহার দুরাকাঞ্জার ও অদীম লোকানুরাগ-প্রিয়ভার বিলক্ষণ প্রমান পাওয়া যায়। প্রথমতঃ তাঁহার শ্রোত্রর্গের নধ্যে জগন্মান্য হামবোলটু, পাইসো, ডি ব্লেন্ ভিল্ মণ্টিবেলো প্রভৃতি কয়েক জন মহামহোপাধ্যায় বিজ্ঞান-বিং পণ্ডিতগণ তথায় উপস্থিত ছিলেন। এব-থিগ বিজ্ঞানবিশারদ মহামতি পালিতগণের স্মাগমে যে তাঁহার যথেট গৌরব বৃদ্ধি হইয়াছিল, তাহার আর गत्मर कि ? मर्गन विषयक कडकशील गतिष्ठं ও অত্যা-বশাকীয় অভিনৱ তত্ত্ব ব্যাখা বা বিবৃতি করিবেন বলিয়া, তিনি পশুত-মণ্ডলীতে যে প্রকার দৃঢ় প্রত্যয় জন্মাইয়াছিলেন, তাহার এবং তদ্বিয়ে তাঁহার সমধিক मन्द्रीत अहत मधान। । इ अडमर्याताई প্রতিপাদিত হইয়াছিল। বান্তবিক তিনি কয়েকটি মূতন, স্বরূপ, को मानभून ७ मुमृतभतार्ड विषय विवृष्टि कदिएड আরম্ভ করিয়াছিলেন, কিন্তু তৎসমুদায় যে কতদূর জ্ঞান-গর্ভ, উৎকৃষ্ট এবং পরিশুদ্ধ তাহা এ পর্যান্ত সমালোচিত হয় নাই।

আমরা একণে যত দর পর্যান্ত তাঁহার চরিতাখাা-গ্রিকা পর্যালোচনা করিলাম ভাহাতে ভাঁহার জীবনের দিবিধ প্রতিরূপ প্রতাক্ষ প্রতীয়মান হইতেছে। প্রথমতঃ, তিনি স্বভাবতঃ উদ্ধত, উগ্র ও কলহ-প্রিয় ছিলেন, প্রতি-বেশবাসী, বন্ধু, বান্ধব, প্রিয়জন, পরিজন এবং পরিচি-তের সহিত সর্বদা বিবাদ করিতেন; দিতীয়তঃ, তিনি অলোকসম্পন্ন বৃদ্ধিজীবী ছিলেন, বিশ্বরাজ্যের কৌশলা-जू भी लात ও नव नव उद्धानिर्गय-काष्ट्र वर्शनि वा गामक থাকিতেন। ম. লিউইদ্ বলেন যে "কোন্তের অপ-যাপ্ত মানসিক পরিশ্রম, সার্বক্ষণিকচিত্রব্যাসন্ধ, বিবিধ ছুশ্চিন্ত। এবং, বিশেষতঃ, নিরন্তর দ্বন্দ্বনিগ্রহ জাঁহার পক্ষে ভ্যানক হানিজনক হইয়া উঠিয়াছিল।" তাঁহার প্রতিশ্রত বক্তাবলীর ভৃতীয়টি কি চ্ছুর্গটি সমাপ্ত হইবা মাত্রই তিনি অক্ষাং উশ্বন্ত হইয়া উঠিলেন। কয়েক সপ্তাহ পূর্বে তিনি এতাদুশ উগ্রতা, বিয়ক্তি ও ক্লউতা প্রদর্শন করিয়াছিলেন যে ভাঁহার হতভাগিনী বনিত। যৎ-পারোনাত্তি ভীতা ও ব্যাকুল। হইয়াছিলেন। অনবরত স্বামির অন্দাবহারের পরিচয় পাওয়ায়, বিশেষ তন্ত্রাবধান ব্যতীত, তাঁহার বর্ত্তমান ভাব দর্শনে কেরোলাইন गांमाना जः উद्यारक "मुख्याहात विलग्नाह दित कतिग्राहित्लन,

কিন্তু বস্তুতঃ উহা বায়ুরোগের পূর্বলক্ষা।" কিন্তু আমরা अष्टल दक्वल वागु द्वांग विलया लिखे हेरमत नाम दकान-মতেই কান্ত হইতে পারি না। ফলতঃ উহা রোগ বাতীত আর कि इहेट পারে !— উহা শারিরীক ও মানসীক রোগ—অধর্মাচরণ ও অসাধুতা বে রোগের প্রতিকারণ— বে রোগের প্রতিকার নাই—যে রোগের জন্য রোগগ্রন্ত वाकिर वार्णव प्रायत प्रायी अवर डेइटलाटक ल अव-লোকে স্কতোভাবে দণ্ডাই। তিনি কখনই আপন উগ্রস্থভাব পরিবর্দ্তন বা ক্রোধ সম্বরণহেতু কোন যতু পান নাই, বরং একেবারে বৃদ্ধির দার উদ্ঘাটিত রাখিয়া ক্রমশঃ উহার পুঞ্চি সাধন করিয়াছিলেন, ও জোনার মত "আমার ক্রোধ করা কর্ত্তব্য" এই অভিপ্রাণ্ডে উহাকে সতত সম্পূর্ণ রূপেই উদ্ভেজিত করিতেন, এবং তজ্ঞনা পশ্চাৎ পাপের অবশাস্তাবী সমুচিত শান্তিও পাইয়াছিলেন।

১৮২৬ খৃঃ অব্দের ২৪এ এপ্রেল শুক্রবারে কোম্ত সহসা অভূপা হইয়া সোমবার প্রাতঃকালাবধি নিরুদ্ধিট ছিলেন। পরে তিনি সেন্ট্ ডেনিসে আছেন এব বিধ সমাচার পাইবামাত্র কেরোলাইন্ স্বরায় তাঁহার অনুস-দ্বানে যাত্রা করিলেন, এবং তাঁহাকে মন্ট্ মরেন্সাইরেতে অভিশয় দীন ও শোচনীয়াবস্থায় দেখিতে পাইলেন। কথ্লিৎ মুখ ওপান্ত হইলে পর কোম্ত বহির্দ্ধেশ-বিহারে অভিলার প্রকাশ করায় কেরোলাইন্ তাঁহাকে সমতিব্যা-

### [ २>

লঁইয়া সন্নিহিত কোন প্রান্তরে গমন করিতেছেন. धनन ममरत्र देएवाद श्रश्चिमरशा दकान धकाँ कलानरगत নিকটবৰ্ত্তী হইবা যাত্ৰ কোমুভ সহসা বলিয়া উঠিলেন যে 'আমি পদব্রজে এই হুদোপরি অবলীলা ক্রমে বিচরণ করিতে পারি, এবং যদিও সম্ভরণ বিষয়ে আপারগ তথাপি আমার জলমগ্প ইইবার কোন আশক। নাই।' এই বলিয়াই তিনি একেবারে তদভিমুখে গমনোদাত হইলেন হতভাগিনী বনিতা তাঁহাকে নানা মতে সান্তুনা করিতে লাগিলেন, কিন্তু তিনি কিছুতেই ক্ষান্ত না হইয়। উক্ত প্রিক্ষায় নিতান্ত উদ্ধৃত ইইলেন এবং স্বীয় সহধর্মিণীকে সবলে সেই জলাশয়াভিমুখে আকর্ষণ করিতে লাগিলেন। পতিপরায়ণা কেরোলাইন যৌবনাবস্থা প্রযুক্ত বিলক্ষ্ विलक्षे अ वृक्षिमञी हित्लन, किन्न हत्ल, वरल, किन्नल ভঁছাকে তদ্বিষয়ে নিরস্ত করিতে পারিলেন না। কোম্ভ ভার্যার হস্ত কঠিন রূপে ধারণ করিয়া বেগে সেই হদাতি-गुर्थ शांविक इटेलन । अगरांगी कूलकामिनी जागाक्रम कान अकृषि बुक्कत मगीलनर्जिनी इहेना माज आनमारम উহাকে এতাধিক কঠিন ক্রপে অবলখন করিলেন বে काष्ठ क्रमणः अधिकजत राम शूर्सक आकर्षन कतिहा। , তাঁহাকে সেই কৃষ্ণ ছইতে বিযুক্ত করিতে পারিলেন না। क्रीजिक्षमण नाव धर क्रिंगत फेल्एबर व्यानतका इहेन। अञ्चलत छारात प्रश्निती महध्यिनी वह आवान ও ক্লেম্ব পরশ্পরায় স্বীকার করিয়া স্নারোগ্য হেতু ভাঁহাকে

Acc 23220

বাতুলাশয়ে উপস্থিত করিলেন। কিন্তু এক বৎসর चडीछ दरेन, तारात उंशनम दछत्र। मृत्त थाकूक, वतः পরপর বৃদ্ধি হইতে দেখিয়া কেরোলাইনু সাতিশর অনু-তাপিতা হইয়া নিজ পরিচর্য্যায় আরোগ্যের প্রত্যাশায় প্রাণবল্পতকে গৃহে আনিলেন। ইত্যবসরে কোমুত জনক-कननीत निर्वाकां जिना जन्दाध्यात उद्या । नर्वथा ম্লপার্যামাণে, ভক্তি ও শ্রহ্মার একান্ত অসম্ভাব থাকি **लि3,** काथिलिक धर्मावलको दकान श्रुद्धाहिएउत कात्रा পুর্বাকৃত সংবিদ্বিবাহ বৈধ করিয়া লইতে অগত্যা সমত হইলেন। তাঁহার পিতা মাতা মনে মনে এই ছিন্নসিদ্ধান্ত করিয়াছিলেন যে কোমডের বিবীহ-কার্য্য धर्ममञ्जानसीह ना रुउग्राग्न जिनि अञापूर्ण मूश्मर मूर्यःय-ত্রণা ভোগ করিতেছেন; যেহেতু নাজিকবৃদ্ধির পার-তত্ত্ৰ হইয়া মৰ্মের প্রতি বিষেষ প্রদর্শন করিতে দেখিয়া কগৰীখন নিভান্ত কট হইয়া ভাঁহাকে বিধিমতে কেশ দিতেকো; এবং আপাততঃ ভাঁহাদিগের প্রোহিতের ৰারা পুনরপি ভাঁহার উৰাহ-কার্য্য বৈধন্নপে সম্পাদিত **११८ल, १०७ जिनि जारात नरम बलताध मार्का**ना, व जाहारक नकम नाखि रहेरछ मुक्क, क्तिराज । खेलावम-পত্রে কোশুত নিজ নাৰ স্বাক্তর করিয়া পুরাতন ও অধুনা-जन अशान बाक्निविश्ववकारी "करेन् e cojaiशार्कि व " নাম সন্ধিৰেশিত ক্ষিয়াছিলের ।

ভননী ও পদ্বীর ঐকান্তিক বড়ে ও অক্লিউ পরিচর্যায়

তিনি দ্বরাছ রোগমুক্ত হইলেন। ঐ পতিপ্রাণা ভার্যা उ त्यहमती मांजा उँखरत्र य उपूर्शनरक की हुन क्रिन ও বস্ত্রণা সহ্য করিয়াছিলেন, ডাহা অপর কেহ, বাক্যবারা প্রকাশ করা দূরে থাকুক, তিলার্ক অনুমান করিতেও সক্ষম নহে। তিনি বনিভার প্রতি কয়েকবার ছুরিকা নিক্ষেপ করত তয় প্রদর্শন করিয়া স্বীয় অভিট সাধকে যত্র পাইয়াছিলেন, এবং অপেকাকৃত সন্থাবস্থায় আপন উমান্ততা উল্লেক্টিত করিয়া মধ্যে মধ্যে আত্মহত্যায় উদ্যুক্ত হইতেন। একদা আত্মজিখাংসায় সীন্ নদীর উচ্চ সেতু হইতে জিনি জলে ঝাঁপ দিয়াছিলেন; কিন্তু ভাগাক্রৰে কোন এক জন দৈনিক পুৰুষ তথা দিয়া যাইতেছিল সে তাঁহাকে জলমগ্র দেখিয়া স্বরায় জল হইতে উদ্ধার করত তাঁহার প্রাণ দান দিল। পত্নীকে বজানকুত বা অজ্ঞানকৃত যত ক্লেশ এবং যন্ত্রগা দিয়াছিলেন জিনি তরিমিক্ত পরিণামে নিতান্ত কুরু, পরিতাপিত ও লক্ষিত হইয়াছিলেন। নিদাকুণ অনুতপ্ত ও বিষ হইয়া তিনি বিনীত ও কাতর ভাবে কেরোলাইনের निक्रे जार्शन जर्भदार्थद क्रना क्रमा शार्थना क्रिया-ইহাতে বিলম্প প্রতীত হইতেছে त्य (करतालाहरेनद्र व्यक्तियं अनव्र, माधुका छ म्यनीलका यशार्व हे जीवात बारमणन व्यमाहिन । बीवाना उरकामीन কোম্ভের উল্লভ সভাব, মৃশংস বাবহার ও কলছপ্রিয়জা-का महिलाब व्यवशंक हिलान कीशात मकलाई मूककरथ

বীকার করিতেন যে তাঁহার মৃত্যু ঐ চিরক্সমিনী রম
গীর পক্ষে শতগুণে শ্রেমকর ছিল। ঐরপ প্রগাঢ়
পরিতাপ পাপের প্রায়শিত্ত স্বরূপ তাঁহার পক্ষে
নিরতিশয় হিতকর হইয়া উঠিল এবং সম্বরই তিনি ঐ
ভয়ানক পীড়া হইতে মুক্তি লাভ করিলেন। আমরাও
তাঁহার অন্যান্য জীবিভাধ্যায়কদিগের ন্যায় এই শোচনীয়াবস্থার সবিশেষ বিষরণ করিলাম; কারণ তাঁহার
চরিত্রের বা গ্রন্থের দোষাদোৰ অনুধাবন করিতে
হইলে এভদ্বিষয় আদ্যোপান্ত অবগত হওয়া অভ্যন্ত
আবশাক।

১৮২৮ খৃঃ অন্দের গ্রীয়ান্তে তিনি সম্পূর্ণ আরোগ্য লাভ করেন ও অনতিবিলব্দেই তৎকালীয় কোন সংবাদ-পত্রে স্বীয় এই দুদৈব্য ক্ষিপ্তাবন্ধার একটি বিজ্ত-বৃদ্ধান্ত-পূর্ণ সম্পর্ভ প্রকাশ, এবং পূর্বপ্রস্তাবিত বজ্তৃতা-বলী পুনর্বার আরম্ভ, করিয়াছিলেন। ১৮৩০ খৃঃ অন্দে তাঁহার বজ্তাবলীর প্রথম খণ্ড মুদ্রিত ও প্রচারিত হয়। ঐ বৎসর তিনি জ্যোতিবশাস্ত্রসভূত কতিপয় অত্যুৎকৃষ্ট প্রকাশ্য বজ্তা করেন, এবং ১৮৩৪ খৃঃ অন্দে তন্তাবৎ পুত্তকাকারে প্রকাশিত হয়। তাঁহার দর্শনশাস্ত্র বিষয়ক বজ্তাঞ্চলির দ্বিতীয় খণ্ড ১৮৩৫ খৃঃ অন্দে ও পরিশিষ্ট, অর্থাৎ, বর্ধ খণ্ড ১৮৪২ খৃঃ অন্দে প্রতিত ও প্রচারিত হয়। তাঁহার ইংলণ্ডীয় অনুসারী ও অভিবাদকদিনের মতে ১৮২৫ খৃঃ অন্দ হইতে ১৮৪২ খৃঃ অন্দ

পर्याञ्ज विकास नियम विकास की वास माना । বাস্তবিক তিনি ঐ কয়েক বৎসর এক প্রকার সুখস্বচ্ছদে দিনপাত করিয়াছিলেন। তৎকালে তিনি পলিটেকুনিক নামক রাজকীয় বিদ্যালয়ের অধন্তন অধ্যাপকের পদি অধিক্লঢ এবং জনাত্ৰ অপার একটি পদ প্রাপ্ত হইয়া-ছিলেন। এতদ্যতীত কোন একটি সামান্য পাঠশালায় গণিতশাস্ত্রাধ্যাপনাদ্বারা সম্বিক আয় বৃদ্ধি করিয়া-ভিলেন। সর্যামত প্রায় ৩৩০ টাকা ভাঁহার মাসিক আর হইয়াছিল। অপেকাকৃত অর্থের সাক্ষ্লা প্রযুক্ত তিনি প্রায়ই স্থবিধানতে ইটালীয় লঘুরূপক সন্দর্শনে গ্ৰন করিতেন। সঞ্জীতবিদ্যায় রীতিমত শিক্ষিত ना थाकांग्र वित्मेर दारशिक जात्म नारे वरते. किन তথাচ তৰিষয়ে তাঁহার বিলক। রসবোধ ছিল। তিনি দাতিশর দলীত-প্রিয় ছিলেন ও তাঁহার বর্গনর অভীব প্রঞাব্য ও স্থানিট ছিল; এবং ভানদানলয় সংযোগে তিনি কোন কোন গীত পরম পরিপাটি ও সমধুর রূপে গাহিতে পারিতেন।

আক্রের বিষয় এই বে এতাদুশ তৌরাত্রিক-প্রিয় এবং লবুরপকসন্দর্শনামোদী কোম্ত রসাভাস বা উপহাস-রসাস্থাদনে নিডান্ত বঞ্চিত ছিলেন। ভাঁহার ইদানীন্তন এম্থ সমস্তই ইহার প্রমাণ-স্থল। স. মিল্ বলেন বে "কৌতুক বা পরিহাস কাহাকে বলে,বোধহয়,কোম্ভ ভাহার বিন্দু-বিসর্গও জানিতেন না। তৎপ্রণীত এম্থলির সধ্যে এমন ছল অতি বিরল যাহা পাঠ করিলে তাঁহি রিদিকতার কোন পরিচয় পাওয়া বায়। তাঁহার মতে মলিয়র এক জন যথার্থ স্বরনিক লেখক; কিন্তু তাঁহার বিশুদ্ধ বিদ্যাও জানের নিমিন্তই তিনি ভূয়লী প্রশংসা করিয়াছেন, প্রকৃত বাক্পটুতার জন্য কোন কথাই উল্লেখ করেন নাই। বস্তুতঃ তদ্রচিত গ্রন্থগুলির মধ্যে মধ্যে হুল বিশেষ এতাধিক নীরস ও কর্কশ ভাবে বিরচিত হইয়াছে যে, তৎসমুদার সমালোচনে স্পাইই প্রতীত হয় যে ঐ ঐ হুলের রচয়িতা জন্মাবিছিলে কখন মুহুর্ত্তিকের জনাও হাস্য করেন নাই।'

ম. গিলোবলেন;—"ম. অগন্ত কোম্তের সহিত আমার চাকুষ পরিচয় ছিল। ১৮২৪ খৃঃ অব্দ হইতে ১৮৩০ খৃঃ অব্দ পরিচয় ছিল। স৮২৪ খৃঃ অব্দ হইতে ১৮৩০ খৃঃ অব্দ পরিচ্ড এই ছয়বৎসরকালমধ্যে তাঁহার সহিত আমার করেক বার সাক্ষাৎ হইরাছিল। আমি তাঁহার প্রথম বুদ্ধিলাক করেক বার সাক্ষাৎ হইরাছিল। আকদা ১৮৩২খৃঃ অব্দের অক্টোবর মাসে, আমি রাজকীর বিদ্যালর সমূহের অধ্যক্ষপদে নিযুক্ত হইবা মাত্র, তিনি আমার নিকট সহলা উপনীত হইলেন, এবং আমাকে, তাঁহার নিক্রেরক্ষনা, "কলেন্ড্ অব্ ফ্রান্সে," একটি পদার্থ ও গণিতবিদ্যা সম্বন্ধীয় সাধারণ ইতিমৃত্তের অধ্যাপকর পদ সূপ্তি করিতে, সদস্তে অনুরোধ করিলেন। তাঁহার সহিত কথোপকথনে এবং তাঁহার আচারব্যবহার সম্বর্গনে আমার অন্তঃকরনে তৎকালীন বে বে ভাবের

উদয় হইয়াছিল আমি তৎসমুদায় মত্রচিত "জীবন চরিত' মত্থে লিপিছের করিয়াছি, কিন্তু একণে অকলাৎ সেইসক-লের অন্যথা লিখিবার নিমিত্তকোন বিশেষ কারণ দেখিতে পাওয়া যায় নাই। তিনি আমার নিকট মহুব্যু, সমাজ, नजाजा. धर्मा, पर्भन धदः ইতিহান বিষয়ক স্বীয় মত অভি व्यक्ति उ कर्म्या क्राल वाक्षा क्रिल्म। একমনা,ক্ষাউবাদী,অমায়িক, স্বাবলম্বী,দুঢ়প্রতিজ্ঞ,স্বেচ্ছা-চারী, এবং বাহ্মিক দুশো অভি শান্ত ও নত্র, কিন্তু বান্ত-বিক ভয়ানক দান্তিক,ছিলেন। ভাঁহার আন্তরিক বিশ্বাস ছিল যে, ভূমগুলে মানবজাতির সামাজিক ও মানসিক উন্নতি সাধন করিয়া যুগান্তর উপস্থিত করাই যেন তাঁহার যথার্থ বাৰদায় ৷ আমি ভাঁহার সমস্ত কথাবার্তা আদ্যোপান্ত এবন कतियां मान मान जर्बन करें जारमालन कतिराज मानि-লাম বে, এভাদুশ প্ৰশস্ত ও সমুনতবুৰিজীবী ব্যক্তি কি প্রকারে এমন কুত্র ও অবিশিৎকর হইলেন যে জিগীয়ার वर्णवर्षी इहेग्रा विठातकारल मिळ मछ गमर्थन कतिवात জন্য এত ভয়ানক বাথ হইয়া উঠিলেন বে যথাৰ্থ তত্ত্ব-निर्वेश शत्क प्रकिशांड माज बहिल नो, ध्वर बालांठिड বা প্রস্তাবিত বিষয় বুজিবুজ বান্যায়ামুগত, কি না, তাহার किड्डे व्यवधातन कतिएक शाहित्सन ना, धर प्रमार्श বে কোনু প্রশের কি মীলাংসা করিলেন ভাহার কিঞ্মিতাত ভিরতা নাই—তে ঈরুশ নিস্বার্থ ও সত্য-নিষ্ঠ ব্যক্তি আপন মতানুবন্তী প্রসঙ্গ না করিয়া অনবধান-

বশতঃ কতই ভদ্বিক্রদ্ধ উক্তি করিলের ,এবং মধ্যেমধ্যে তাহা জানিতে পারিয়াও নিঃস্ত বিরোধোক্তিই সমর্থন হেতু অল্লানবদনে জাপনার মতের প্রতি বারস্থার বিষেষ এদর্শন করিয়া তাহার ঘোরতর প্রতিপক্ষ হইয়া উট্টলেন--যাহা ভ্রমাত্মক ও অন্তর সত্ত্বেও ক্রিরৎপরিমাণে নীতিগর্ভ ছিল। আমি তাঁহার সহিত তর্কবিতর্ক করিতে কোন যত পাই নাই। তাঁহার সরলতা, ভুচকল্প, স্বমতোম্মকি এবং ভ্ৰমান্ধকতা দেখিয়া আমি নিভান্ত কুন্ধ ও বিব্ৰক্ত চিত্তে নিত্তৰ হট্যা কেবল অপাৰ্যামানে তাঁহার কথায় কর্ণপাত করিয়া ছিলান, উত্তরপ্রতান্তর উপলক্ষে একটিও বাকুনায় করি নাই। উপরোক্ত অধ্যাপকের পদ গুস্তুত করিতে फेशरगाती वा आवगाक विद्युचना कतिला, द्याध द्य, उँ। हारक उद्भारत वृठ कतित विनग्न, व्यामि कथन प्रूट्रेर्ड-কের জনা স্বপ্নেও চিন্তা করিতাদ না। তিনি ইতিপূর্বে যে বিৰম বায় এন্ত হইয়াছিলেন আমি তাহার আভাস মাত্র জানিলে তখন বরং অধিকতর ক্রম হইয়া তত্ত্রপ মৌনীই থাকিতাম।"

বে শাসনপ্রকালী রক্ষা করা " জাতীয় রক্ষক দিগের" অভিপ্রায় সাধ্য থাকিলে তিনি নিক্ষেই তাহা আক্রমণ করিতেন, এই হেতুবাদে ১৮৩০ খৃঃ অদে উহাদিগের দলভূক্ত হইতে অশ্বীকার করায় কোম্ভ তিননিবসকাল কারাধিবাদে আদিউ হইয়াছিলেন।

ইতিপূর্বে ক্ষিত হইরাছে যে ১৮২৫ খুঃ অব্দ কোম্-তের জীপনের মধ্যে স্বিশেষ শারণীয়; কারণ ঐ বৎসত্ত তিনি কেরোলাইনের পাণিগ্রহণ করেন, এবং স্বীয় দর্শনশাস্ত্র প্রস্তুত করিয়া তদ্বিবৃতিতে প্রবৃত্ত হয়েন। অধিকদ্ধ ইহাও কথিত হইয়াছে যে, তাঁহার ইংলগীয় অভিবাদকদিনের বিবেচনায় ১৮২৫ খৃঃ অব্দ হইতে ১৮৪২ খঃ অবদ পর্যান্ত এই কয়েক বৎসর তাঁহার জীবনের সারাংশ। ১৮২৫ খঃ অব্দেষেমন তিনি দার পরিগ্রহ করেন এবং তাঁহার দর্শনশান্তের রচনাকার্য্য পরিসমাপ্ত হইলে তদ্বিবৃতি বিষয়ে ব্যাসক্ত হয়েন; ১৮৪২ খৃঃ অন্ত তাঁহার कीवनमध्या मिहे क्रश विदिध कार्याचात्रा थाउँ आहि। ঐ বৎদর ভিনি স্বীয় পত্নীকে পরিত্যাগ করেন, এবং প্রপ্রপ্রাবনার্যায়ী তাঁহার দর্শনশাস্ত্র বিষয়ক ছা-সপ্ততি বক্তা সম্পূর্ণ হয়। পরিবারের সহিত অহরহঃ এরপ ভয়ঙ্কর কলহ আরম্ভ করিলেন যে, প্রক্ষার পৃথকু হওয়া নিতান্ত আবশাক হইয়। উঠিল। সভধৰিনীৰ সহিত তিনি যে কি প্ৰকার ব্যৱহার করিতেন তাহা তাঁহার তৎসাময়িক বিবাহ ও সংসারধর্ম সংক্রান্ত वातका श्रधारतकन कतिलाहे अनागाला आठीगमान हहेरत । ম. মিল্ বলেন যে কোমুতের মতে "দাক্ষাত্যবন্ধন व्यवश्वनीय:-वर्षाद, उपाध्य जोश्रत्य कान मण्डर আর পরিণ্য-পাশ অপনীত করিতে পারিবে না, এবং छे क वश्चन व्यापनयन कता, य कान कातराई इंडेक ना কেন, নিভান্ত অব্যবস্থা ও গহিতক্ষা। কায়া স্বামীর  পুরুষ সাতির আর ন্তাধীন হইয়া গৃহধর্ম সম্পাদন করিবে।" তদন্তর তিনি আর কহিয়াছেন যে "এক জন প্রসিদ্ধ দার্শনিক দিবানিশিপত্নীর সহিত বিবাদ করিতেন, একণা আপামর সাধারণে ব্যক্ত করা অত্যন্ত হুঃখজনক বটে, কিন্তু তাঁহার জীবিতাখ্যায়কেরা তাঁহার চরিত্র সম্বন্ধীয় যে সকল ব্যাপার বা ঘটনা প্রকাশ করিয়াছেন তাহাতে উলিখিত কোন না কোন মতটির বিশেষ ব্যাখ্যা করা হইয়াছে।"

ত্রীপুরুষে পৃথকু হইবার অব্যবহিতকাল পরেই ম. ক্লোটন্ম্ছ ডিভেঁ। নামী কোন রমণীর প্রতি তাঁহার প্রগাঢ় অনুরাগ জন্ম। কথিত হইয়াছে যে. উক্ত কামিনীর স্বামী কোন গুরুতর অপরাধ হেতু যাবজ্জীবন কারাবাদে আদিউ হইয়াছিল। অতঃপর কোমূত তাঁহার বিবাহ বিৰয়ক পূৰ্ব্বপ্ৰকাশিত মত বা বাবস্থাসমন্ত আদ্যো-পান্ত পরিবর্ত্তন করেন; এবং,এমনকি,ভাঁহার সমস্ত দর্শন-भाख । तारे ममाप्र धारकवादि ममुदल शतिवर्क्डि ध नवी-कु इ इदेशाहिल, विलटले वला यात्र । "विवाह-वन्तन अश्वभीत्र ?' अक्मां धेर वहत्तत्र विमक्क देवलक्षा উপস্থিত। ইহা সপ্রমাণ করিবার জন্য প্রশ্চ মিল্ মহাশয়ের করেক পংক্তি অবিকল অনুবাদ করিয়া এছলে স্মিবেশিত করা হইল;—" কোন একটি বিশেষ কারণ বাতীত পরিশয়-পাশ অখণ্ডনীয়। যিনি সমস্ত পণ্ডিত-मश्रमीत मत्या अरू जन छग्नोनक नित्यधनानी, चिनि

ইংলপ্ত প্রভৃতি অপরাপর সন্ত্রান্ত জনপদের ব্যবস্থা-সংহিতায় কোন কোন অত্যাবশাকীয় কারণ বশতঃ বৰ্জন-প্রথা স্প্রশস্ত-কম্পাবা বিশ্বের সাব্যস্ত করার তৎসমুদ্ধরের নিরতিশয় প্লানি ও কুৎসা, এবং এব্দিধ দেশাচারকে যথপরোনান্তি গছিত বলিয়া ব্যাখ্যা, করিয়াছিলেন, তিনি আপনিই আবার যে কারণে অন্যান্য সভাদে-শীয় ব্যবস্থার জ্ঞাপুরুষ পৃথকু হওয়া অন্যায়, নীতিবিক্তদ্ধ ও অপ্রশস্ত কল্পানেই কারণেই পবিত্যাগ-প্রথা যুক্তিযুক্ত বলিয়। সিদ্ধান্ত করিয়াছেন।—যথা, কোন खी वा शूक्रव इक्षर्य निवन्तन यांवञ्जीवन काताक्रम वा निर्या-সিত হইলে তাহার ভর্জা বা পত্নী তাহাকে ইচ্ছামতে পরি ত্যাগ করিতে পারে, তদ্বাতীত অন্য কোন কারণেই পরি-ত্যাগ করিতে পারে না। এ ব্যবস্থা এতদেশে কুলাপি প্রচলিত নাই—এই নিয়মটি তিনিই মূডন প্রবর্ত্তিত করেন। ব্যবস্থা সঙ্গত বা ন্যায়ানুগত বলিবেন তার আর আকর্ষ্য कि! य रहत जारात अगित्रनी द्वाणिम्य मूत्रम्के वणकः जन-বস্থা প্রাপ্ত হইয়াছিলেন। তদবধি ভাঁহার স্ত্রীকাতি সম্ব-দ্ধীয় ব্যবস্থা ও চিত্তবাদ অযোজ্ঞিক এবং নীতিবিক্ল সত্তেও অপেক্ষাকৃত বহু পরিষাণে কোমল হইয়া উটিয়া-क्ति । जाहात श्रातिषि मगाजगात्य छेशानिगत्क व्यराध প্রকৃত দেবীপদারত করত পূজা, মর্যাদা, আধিপত্য, প্রভৃতি অশের প্রকার গৌরব প্রয়োগ, ও সকলের মারাধ্য

বস্তু বলিয়া বিধিবন্ধ, করা হইয়াছে; কিন্তু তথাপি সামান্য সামান্য ন্যায্য বিষয়ে বঞ্চিত রাখিয়া উহা-দিগের যথোচিত অধিকার অপলাপ করিতে কোন যত্নের ক্রটি করা হয় নাই।"

म. निष्डेम् वल्तन ;—" यिनि छाँशांक श्रव्हाक खे चन्त्रित्वाशी अनग्र-मुथ मस्त्रांग कतिरा प्रियोहिन, তিনি অনায়াদেই বলিতে পারিবেন যে, কোম্ত ক্লোটি-লভের প্রেমে কিরূপ অভিভূত হইয়াছিলেন, এবং আহুর্নিশি কতই অনির্বাচনীয় আনন্দ সহকারে, প্রেমাঞ্র-পুর্ণলোচনে ও গদাদ বচনে তাঁহার অসীম গুণগান ক্রিতেন। যতই তিনি শ্বমুখে ঐ সদাশ্যা রমনীর প্রকৃতি বর্ণনা করিতেন ততই তাঁহার হাদয়কন্দর আনন্দ-প্রবাহেউচ্ছলিত হইত, এবং নয়নবুগলবিগলিত অফ্রনীরে তাঁহার বক্ষন্ত প্লাবিত হইতে থাকিত। ক্লোটিল্ডের প্রতি ভাঁহার এতাদৃশ আগত্তি জ্যিবার প্রাক্রালীন আমি তাঁহাকে দর্শন করি, এবং তিনি আমার নিকট এত বিভূত রূপে ঐ গুণবতী রমনীর অশেষ গুণগ্রাম কীর্ত্তন করিতে লাগিলেন যে তচ্ছু বণে আমার অন্তঃকরণে নিরতিশয় প্রীতির ও আনন্দের উদ্রেক হইয়াছিল।" - " যখন আমি তাঁহার সহিত পুনর্ফার সাক্ষাৎ করি, ज्यन जिनि क्लांग्रिन्ट्ज मूर्सियर वित्रशीधकाणत रहेगा অবিশ্রান্ত বিলাপ ও পরিভাপ করিতেছিলেন। এব-म्भू कात विवयवित्रश्विषुत्र काम्छ यछहे छीहात चर्गीप প্রাণ্ডিনীর অলোকসামান্য গুণরাশি বর্ণনা করিতেভিলেন তত্ই তাঁহার লোচন্দ্র্গল হইতে অন্বর্ভ বাষ্প্রারি মহা বেগে প্রবাহিত হইডেছিল : এবং তাঁহার অন্তরম্ব প্রমিবার শোকসিয়া ক্রমশঃ উন্থলিত হইয়া তাঁহাকে সময়ে সময়ে দংজ্ঞাশুনা করিতেছিল। অধিক কি বলিব, তিনি ডিভোঁর শোকে নিতান্ত বিজ্ঞান ও প্রিয়মাণ হইয়াছিলেন। এক বৎসর কাল মাত্র তিনি ঐ অনিষ্ঠাচনীয় পারম প্রণয়-সুখ উপভোগ করিতে সমর্থ হইমাছিলেন। ক্লোটিশুডের লোকান্তর প্রাপ্তির পরেও তৎপ্রতি তাঁহার পূর্কতন প্রাাচ প্রীতি এবং অনুরাগের লেশ মাত্রও শৈথিক্য হয় নাই। ক্লোটিলুড্ কেবল রূপান্তর প্রাপ্ত হইয়াছিলেন; কোমতের প্রেমাভিত্ত অন্তঃকরণে তাঁহার প্রেনম্মী প্রতিমা নিরন্তর জাগরুক ছিল, এবং ঐ কাম্পনিক প্রতি-মুর্ক্তিটেই তিনি যেন প্রতাক্ষ বিরাক্ষ্যানা ছিলেন, তাঁহার **এই त्रश** जेशनिक इरेंछ।" म. कामु उच्चर कहियां-ছেন:—" আমি তাঁহারই প্রভাবে পরিশেবে মানবন্ধাতির **ए**डगाध्रत अकु उ चिविध कम्म इहेग्रा छेठियाहिमाग। যিনি যথাৰ্থ স্ত্ৰীজনবিভাবিত পবিত্ৰ প্ৰণমুখ সম্ভোগে সমর্থ হইয়াছেন তিনি অবলীলাক্রমেই তদবস্থা প্রাপ্ত হইতে পারেন। यनाপি ক্লোটেশুডের বহিত আমার শুভতুত্তি না হইত, যদ্যপি আমি উঁহোর প্রয় পবিত্র প্রেমে বৃঞ্জিত থাকিতাম, যদাপি তাঁহার অনির্মাচনীয় ও পরম প্রতিপ্রদায়িনী ঐশিক শক্তি আমার হৃদরে ক্রর্তি না

পাইয়া আমার চিত্তরুত্তির ঔৎকর্ষ নম্পাদিত না হইত, जारा हरेल आमि मिन्द्रवे आजना कान अतिमध्येल्य ন্যায় কেবল বিজ্ঞানানুশীলনেই একাদিক্রমে অভিনিবিষ্ট দেহযাত্র। সমর। করিভাম, এবং কোন क्ता है तन्ते नालत महन धर्मगाइन-मन्हा आमात চিমে উনীপিত হইত না। বিশুদ্ধ বিজ্ঞানশাস সমস্ত হইতে আমি নিষ্টু ও অভর্কিতচর দর্শন নিঃসূত করিয়াছি এবং ক্লোটিল্ডের প্রভাবে সেই দর্শনশাস্ত্র অবলম্বন করিয়া সর্বাজনোপযোগী বিশ্বধর্ম সংস্থাপনে কৃতকার্য্য ছইয়াছি।" বর্জনান শতাব্দীর স্বতঃসিদ্ধ বিশ্বভঞ এরিস্টটুলের বিনয় ও নত্তার সীমা কি! সগর্বিত বিশ্বধর্মদৃত্তিকর্ত্তার শীলতা ধনা! যাহা হউক, তাঁহার উনার্যান্তনে যে তিনি তাঁহার শক্তিরপা ক্লোটিল্ডুকে अक्टल विन्यु उ इन मार्ड, देशहे शतम आनत्मत विवय! " অন্যাবধি আমাদিগের উভয়ের অভেদ কীর্ত্তি। তাঁহার शोत्रत्वहे आमात गर्थके शोत्रव, अवर जीशात श्रतकादतह আমার বথেট পুরস্কার। একণে আবহমানুকালের জন্য তিনি वशार्थ गर्यानंत्रगा वात्रगा शतमगढ विमीन इरेग्रा-रइन, धवः जाहात रक्षममत्री अ**डिमूर्डि आ**नात क्षममानित त्यन छेशात गरसांधकृषे अञिनिधियद्वश नियं बाविक् उ त्रहिमारक्। " अक्टन कात्रन ताथा कर्जना व्य जीवामित्नत দেবতা পারমসতকে সন্মাজিরাই জীবনান্তে প্রাপ্ত হরেন;— व्यर्धार, यथार्थ अनवान अ जाधुरलारकतारे कीवनारस जाशारज মিলিত হয়েন—তৎ প্রাপ্তিও মানসিক অনুধ্যান মাত্র—এবং ভদ্যতীত অন্যান্য সকলেই একেবারে ধাংস বা লুপ্ত হুইয়া যায়। কোনভের মতে স্বার্থশূন্য হুইরা পরোপকার-ব্রতে বতী হওয়াই আমাদিগের জীবনের প্রধান উদ্দেশ্য। সমস্ত মনুষ্যজাতিকে সাক্ষাৎ উপাস্য দেবতা ভাবিয়া তাহার সেবা শুশ্রায় অহর্নিশি তৎপর থাকা কর্ত্তব্য। এই দেবতার নাম প্রমস্থ তিনি বলেন কালে সকলে অন্যান্য সমগ্র দেবের পূজার্কণা পরিত্যাগ করিয়া পরমসতের আরাধন। করিবে। মনুষ্যের উপচিকীর্ঘ।-বৃত্তি ক্রমশঃ প্রবল হইয়া যতদুর স্বার্থপরতাকে নিরাকরণ করিবে এবং যত দুর আমরা নিস্বার্থ ও আত্মবিক্ষুত হইয়া অন্যের ওড-সাধনে ঐকান্তিক যত্ন স্বীকার করিব ততই পরমদতের সেৱা ও উপাসনা হইতে থাকিবে এবং তদাসুৰ্বন্ধিক চরমে আমাদিগের পরম পুরুষার্থও লাভ হইবে। প্রেম, ভক্তিও ন্মেই ব্যতীত কেবল দয়া বা করুণা স্বারায় মনুষ্যের সম্যক উন্নতি হওয়া কোন ক্রমেই সম্ভাবিত নহে। তাঁহার মতে ভক্তিরপা নাতা, প্রীতিরপা পদ্দী এবং ঘেহরপা कता। आमानितात थाउनक गृहत्मवडा । मिडेहेम् वत्मत বে কোম্ভ সদাসর্মদা দাঁতের একটি স্লোক বিশেষ ভাঁহার ক্লোটলুডে প্রয়োগ করিতেন, আমরা নিমে, তাহার অনুবাদ করিলাম,-

> যাঁহার পবিত্র প্রেমে প্লাবিত জীবন, মনের মালিন্য মম হরিল সে জন ]

